# নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয় প্রেসের ০৩(তিন)টি শূন্য বাইন্ডার গ্রেড-২ পদে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ-

| | | |
|---|---|---|
| **বাইন্ডার গ্রেড-২**<br>**টাঃ ৯,০০০-২১,৮০০/- বেতন স্কেল**<br>**(জাতীয় বেতন স্কেল-২০১৫)**<br>**১৭ তম গ্রেড** | ০৩(তিন) টি | প্রার্থীকে ন্যূনতম এস.এস.সি/সমমান পাশ হতে হবে। প্রার্থীর শিক্ষা জীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ/ জিপিএ ৩.০০ (৫.০০ স্কেলে) এবং দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ২.৭৫ (৪.০০ স্কেলে)-এর নিচে গ্রহণযোগ্য নয়। বাঁধাই সংশ্লিষ্ট মেশিনের প্রাথমিক যে কোন সমস্যার সমাধান করার সক্ষমতা সহ উল্লেখিত কাজে ০৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ডায়েরী, রেজিস্ট্রার খাতা, হার্ড বোর্ড বই, জার্নাল, সেলাই, ভাজাই, স্টিচিং, পারফরেশন, নাম্বারিং, কাটিং কাজ সহ বাঁধাই কজে পারদর্শী হলে অধিকতর অভিজ্ঞ এবং দক্ষ প্রার্থী হিসেবে অগ্রাধিকার দেয়া হবে। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য। |

আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না ।

রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবরে লিখিত দরখাস্ত আগামী ৩০-০৩-২০২৬ খ্রিস্টাব্দ/১৬-১২-১৪৩২ বঙ্গাব্দ তারিখের মধ্যে পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে পৌছাতে হবে ।

চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।